জীবননগর উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা

জীবননগরে চিকিৎসার মান উন্নয়নের লক্ষে উপজেলা হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার সকাল ১০টার সময় জীবননগরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আয়োজনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিবার পরিকল্পনা কমকতা ডাঃ সেলিমা আক্তারের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা -২আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজ,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃসালাম ঈশা,জীবননগর থানার ওসি এস,এম,জাবিদ হোসেন,উপজেলা সমাজ সেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল,বীর মুক্তিযোদ্ধা দলিল উদ্দিন দলু,সাংবাদিক এম,আর বাবু,জাহিদ বাবু, কাজী শামসুর রহমান, মিঠুন মাহমুদ প্রমুখ।